

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০২.২১.১৬

তারিখ: ১০ মাঘ ১৪২৭

২৪ জানুয়ারি ২০২১

বিষয়: কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২০ (রিট পিটিশন নং-৪১৪০/২০১৪ হতে উদ্ভূত) মামলা পরিচালনা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ-এর প্রভাষক, ইংরেজি (খন্ডকালীন), জনাব মো: শরিফুল হাসান এর চাকুরী স্থায়ীকরণের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-৪১৪০/২০১৪ মামলা দায়ের করেন। উক্ত মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২০ দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকাসহ মোট ০৬ (ছয়) জন-কে বিবাদী করা হয়েছে।

২। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২০ (রিট পিটিশন নং-৪১৪০/২০১৪ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষ থেকে নিম্নোক্ত ব্যবস্থা ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) কনটেম্পট পিটিশন নং-৪৯৭/২০২০ (রিট পিটিশন নং-৪১৪০/২০১৪ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২৪-১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪

ইমেইল:

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০২.২১.১৬/১(৪)

তারিখ: ১০ মাঘ ১৪২৭  
২৪ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-১-২০২১

মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব